


শিক্ষা
 দৈনিক সংবাদ



নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়নের জন্য শিক্ষা কর্মকর্তাদের প্রতি নির্দেশ

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান নির্ধারিত সময়ের মধ্যে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ সম্পন্ন করার জন্য শিক্ষা কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন।

রাসস জানায়: মন্ত্রী গতকাল শনিবার শিক্ষা ডিভিশনের অধীন ১৯৮৬-৮৭ সালের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা বৈঠকে সভাপতিত্ব করছিলেন।

উন্নয়ন প্রকল্পগুলো সময়মত বাস্তবায়নের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, নির্ধারিত সময়ে কোন প্রকল্প বাস্তবায়নে গড়িমসি চলতে দেয়া হবে না।

তিনি আরো বলেন, শিক্ষা সুবিধাদি সম্প্রসারণের জন্য প্রাপ্ত সম্পদের সর্বাধিক ব্যবহারের লক্ষ্যে মন্ত্রণালয়ের প্রতিটি ব্যক্তির উদ্যোগ, নিষ্ঠা ও সততার সাথে নিজ নিজ দায়িত্ব পালন করা উচিত। সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়মিত তদারকি ও পর্যবেক্ষণের মাধ্যমে সম্পদের অপব্যয় ও আশ্রয় সাং রক্ষ করা উচিত বলেও মন্ত্রী উল্লেখ করেন।

বৈঠকে শিক্ষা উপমন্ত্রী গোলাম সারওয়ার, শিক্ষা সচিব কাজী আজহার আলী ও সংশ্লিষ্ট উচ্চপদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী নির্দাপসামগ্রী ও বৈজ্ঞানিক সরঞ্জামের ক্ষেত্রে মান নিয়ন্ত্রণ বজায় রাখার ওপর গুরুত্বারোপ করেন। এসব সামগ্রীর ইনভেন্টরী ও কাজের অগ্রগতির হিসেব রাখতে হবে বলেও তিনি উল্লেখ করেন।